গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(এস,এ শাখা)
www.narayanganj.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৬৭০০.৩০১.০৯.১২৯.২০-৫৫৫ তারিখ ঃ ১২ আগস্ট ২০২০/২৮ শ্রাবণ ১৪২৭

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখা এর গত ৩০ জুলাই ২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৪৯.১৪. ৩২২ নম্বর ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ ও এর আওতাধীন রাজস্ব প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | ৮,২৫০-২০০১০/- | ১৩ (তের) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী ঃ**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। এ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রের ফরম জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর ওয়েবসাইট www.narayanganj.gov.bd ও এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে সংগ্রহ করা যাবে।

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর আবেদন করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) প্রার্থীর সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(খ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর মেয়র/ সিটি কর্পোরেশন এর সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর/সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(গ) জাতীয় পরিচয়পত্র/নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর ওয়ার্ডের কাউন্সিলর/সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা/ নাতি/ নাতনী/আবেদনকারী চাকুরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় প্রধানমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসোবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ।

(ছ) প্রার্থীকে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় পরীক্ষা ফি বাবদ হিসাব কোড নং ১-৪৬০১-০০০১-২০৩১ খাতে ট্রেজারী চালানের মাধ্যমে ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(জ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করে ১০/- (দশ) টাকার ডাক টিকেট লাগানো ১০.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

(ঝ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

(ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

০৫। প্রার্থীর বয়স ১২.০৮.২০২০ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরুপনের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। আবেদনপত্র আগামী ১৩.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে রেজিষ্টার্ড ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি এ কার্যালয়ে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৭। বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৮। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

চলমান পাতা-০২

০৯। নিয়োগের ক্ষেত্রে সকল সরকারি বিধি-বিধান ও কোটা যথাযথ অনুসরণ করা হবে।
১০। কর্তৃপক্ষ সরকারি বিধিবিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
১৩। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
১৪। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদন করা হবে না।

(মোঃ জসিম উদ্দিন)
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ
ফোন ঃ + ৮৮০২৭৬৪৬৬৪৪
E-mail : dcnarayanganj@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৬৭০০.৩০১.০৯.১২৯.২০-৫৫৫/১(১০০)

তারিখ ঃ ১২ আগস্ট ২০২০/২৮ শ্রাবণ ১৪২৭

**অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। জেলা প্রশাসক ........................................................ (সকল)
৫। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
৮। উপজেলা নির্বাহী অফিসার .................................. (সকল), নারায়ণগঞ্জ।
৯। সহকারী কমিশনার (ভূমি), ............................................... (সকল), নারায়ণগঞ্জ
১০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতা চাকরির আবেদনের মডেল ফরমটি অত্র কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
১১। মেয়র ........................................................ পৌরসভা, নারায়ণগঞ্জ।
১২। জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।
১৩। সম্পাদক, ........................................................। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে আগামী ............................ খ্রি. তারিখের মধ্যে (সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) ০১ (এক) বার প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ)টি কপি এ কার্যালয়ের রাজস্ব শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ
ফোন ঃ + ৮৮০২৭৬৪৬৬৪৪
E-mail : dcnarayanganj@mopa.gov.bd

# আবেদন ফরম

বরাবর

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | পদের নাম ঃ | | | | | |
| ২ | বিজ্ঞপ্তির নম্বর ঃ | | তারিখ | দিন | মাস | বৎসর |
| ৩ | প্রার্থীর নাম | বাংলায় ঃ | | | | |
| | | ইংরেজীতে (বড় হাতের অক্ষরে) ঃ | | | | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বর | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর | | | | | |
| ৫ | জন্ম তারিখ | | ৬. জন্ম স্থান (জেলা) ঃ | | | |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | | | | | |
| ৮ | মাতার নাম ঃ | | | | | |
| ৯ | পিতার নাম ঃ | | | | | |
| ১০ | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | | | | |
| | ডাকঘর ঃ | | | | | |
| | পোষ্ট কোড নম্বর ঃ | | | | | |
| | উপজেলা ঃ | | | | | |
| | জেলা ঃ | | | | | |
| ১১ | যোগাযোগ ঃ | মোবাইল নং | ই-মেইল | | | |
| ১২ | জাতীয়তা ঃ | ১৩. জেন্ডার ঃ | | | | |
| ১৪ | ধর্ম ঃ | ১৫ পেশা ঃ | | | | |

১৬ শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে ) | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ) | | | |
| ১৯ | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| ২০ | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ঃ চালান নং- | | তারিখ | |
| | ব্যাংক ও শাখার নাম ঃ | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ

প্রার্থীর স্বাক্ষর